

# আমরা কীভাবে এত দ্রুত কোভিড-19 টিকা পেলাম?

ফেব্রুয়ারী ২৩, ২০২১

কোভিড-19 মহামারী শুরু হওয়ার এক বছরেরও কম সময়ের মধ্যে, বেশ কয়েকটি টিকা ইতিমধ্যে তৈরি করা হয়েছে এবং ব্যবহারের জন্য অনুমতি প্রদান করা হয়েছে। কীভাবে এত তাড়াতাড়ি এটা ঘটেছিল এই বুলেটিনে ব্যাখ্যা করা হয়েছে। এই বুলেটিনের তথ্যগুলো চিকিৎসক এবং গবেষকরা যাচাই করেছেন।



## ১. বিজ্ঞানীগণ, সরকারসমূহ এবং আন্তর্জাতিক সংস্থাসমূহ এক মহামারীর জন্য প্রস্তুতি নিচ্ছিলেন।

- বিভিন্ন দেশের বিজ্ঞানীগণ, সরকারসমূহ এবং আন্তর্জাতিক সংস্থাসমূহ বহু বছর ধরে একটি মহামারীর প্রত্যাশা করে আসছিল এবং স্ফীলিত ভাবে টিকাগুলি দ্রুত তৈরী প্রক্রিয়াটি কাজ চালিয়ে যাচ্ছিল।
- কোভিড-19 সম্পূর্ণ নতুন ধরণের ভাইরাস নয়। এটি অন্যান্য করোনাভাইরাসের মত, যেমন SARS ভাইরাসে, যেটা ব্যাপকভাবে পরীক্ষা করা হয়েছিল।
- কানাডায় যে দুইটি টিকা (ফাইজার-BioNTech এবং মডার্না) পাওয়া যাচ্ছে তা mRNA প্রযুক্তি ব্যবহার করে উৎপাদন করা হয়েছিল এবং যেটা কি না অন্যান্য সংক্রামক রোগগুলির উপর পরিক্ষা করা হয়েছিল। তাই কোভিড-19 ভাইরাস শনাক্ত হওয়ার পরই, mRNA প্রযুক্তি খুব দ্রুত ব্যবহার করা গেছে।

## ২. প্রত্যেকেই একই সময়ে দক্ষতার সাথে কাজ করছিল।

- ভাইরাস থেকে জেনেটিক উপাদানগুলি খুব দ্রুত শনাক্ত করা হয়েছিল এবং সবার জন্য উন্মুক্ত করা হয়েছিল।
- কোভিড-19 টিকা গবেষণার জন্য বিশ্বব্যাপি অধিক অর্থতহবিলের ব্যবস্থা করা হয়েছিল।
- একই সময়ে বিভিন্ন কেন্দ্রে পরীক্ষা এবং গবেষণা চলছিল।
- টিকা তৈরির কাজে জড়িত গবেষকগণ দক্ষতার সাথে তাদের তথ্য সংগ্রহ ও বিতরণের জন্য বৈদ্যুতিন পদ্ধতি ব্যবহার করেছেন।

## ৩. অনেকেই পরীক্ষার(টেস্টিং-এর)জন্য স্বেচ্ছায় এসেছেন।

বিপুল সংখ্যক মানুষের ওপর পরীক্ষা করা না হওয়া পর্যন্ত টিকাগুলি অনুমোদিত হতে পারে না। এগুলিকে "ক্লিনিকাল ট্রায়াল" বলা হয়। কোভিড-19 ক্লিনিকাল ট্রায়ালগুলির জন্য প্রচুর জনসমর্থন ছিল এবং হাজার হাজার সব background এর মানুষ স্বেচ্ছায় পরীক্ষায় অংশ গ্রহণে এগিয়ে এসেছিল। সুতরাং কোভিড-19 টিকাগুলি বিকাশের জন্য ক্লিনিকাল ট্রায়ালগুলির আয়তন এই জাতীয় ট্রায়ালের জন্য যা বৈশিষ্ট্যসূচক তার তুলনায় অনেক বড় ছিল।

## ৪. অধিক সংক্রমণের হার টিকা পরীক্ষায় (টেস্টিং-এ) সহায়তা করে ।

- অধিক সংখ্যক কোভিড-19 এর সংক্রমণের হার সহজেই প্রমাণ করতে সাহায্য করেছে যে টিকাগুলি কভিড-19 এর বিরুদ্ধে কাজ করবে। খুব অল্প সময়ের মধ্যেই, যারা টিকা প্রাপ্ত হয়েছে তাদের তুলনায় অনেক বেশী কভিড-19 জনিত অসুস্থতার সংখ্যা দেখা গেছে যারা টিকা প্রাপ্ত হয়নি। এটি প্রমাণ করেছে যে এই টিকাগুলি কার্যকর ছিল।
- প্রায়শই, গবেষকরা কার্যকর একটি টিকা তৈরি করার আগে তাদের বেশ কয়েকবার চেষ্টা করতে হয়। তবে প্রথম কোভিড-19 টিকাগুলি পরীক্ষার সময় ভাল কাজ করেছিল।

## ৫. পুনঃমূল্যায়ন এবং নিয়ন্ত্রণ প্রক্রিয়া খুব শীঘ্রই শুরু হয়েছিল।

অতীতে, সরকার এবং অন্যান্য নিয়ন্ত্রক সংস্থাগুলি গবেষণা এবং পরীক্ষা শেষ হওয়ার পরেই তাদের টিকা পুনঃমূল্যায়ন প্রক্রিয়া শুরু করেছিল। তবে এবার তারা গবেষণার প্রতিটি পর্যায়ের সময়েই গবেষণা তথ্য যে পর্যালোচনা করেছেন, যা পর্যালোচনা প্রক্রিয়াটিকে আরও দক্ষ করে তুলেছে। কোনও সুরক্ষা পদক্ষেপ এড়ানো হয়নি। প্রশাসনিক প্রক্রিয়াগুলি ও গবেষণা প্রক্রিয়ায়গুলি একই সাথে সম্পাদিত হয়েছিল, যা কিনা প্রচুর পরিমাণের সময় বাঁচিয়ে দিয়েছে।



আমরা এক বছরের মধ্যে কোভিড-19 টিকা তৈরি এবং বিতরণ করতে পেরে খুব ভাগ্যবান। এটি জেনে আশ্বাস হয় যে কোভিড-১৯ টিকার তৈরির সময় কোন রকমের নিরাপত্তা প্রক্রিয়া বাদ পড়ে নাই।

## কানাডায় টিকাগুলি কীভাবে অনুমোদিত হয়েছিল সে সম্পর্কে আরও তথ্যের জন্য, হেলথ কানাডার ওয়েবসাইটে দেখুন:

<https://www.canada.ca/en/public-health/services/diseases/2019-novel-coronavirus-infection/prevention-risks/covid-19-vaccine-treatment.html> (ইংরেজী)

<https://www.canada.ca/fr/sante-publique/services/maladies/2019-nouveau-coronavirus/prevention-risques/covid-19-vaccins-traitements.html> (ফরাসি)

কানাডিয়ান চিকিৎসক গণ যারা এই বুলেটিনের তথ্যগুলি অনুমোদন করেছেন তারা হলেন:

মেব রশিদ, এম ডি, সহকারি অধ্যাপক, টরন্টো বিশ্ববিদ্যালয়; ভেনেসা রেডিট, এম ডি, প্রভাষক টরন্টো বিশ্ববিদ্যালয়; এবিং আইজ্যাক আই বোগোচ, এম ডি, সহযোগী অধ্যাপক, টরন্টো বিশ্ববিদ্যালয়।

{ REFUGEE } 613



OCASI  
Ontario Council of Agencies Serving Immigrants

